তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# নালিতাবাড়ীতে ইভটিজিংয়ের দায়ে যুবকের কারাদণ্ড

■ নালিতাবাড়ী (শেরপুর) সংবাদদাতা

শেরপুরের নালিতাবাড়ীতে এক কিশোরী মাদরাসা ছাত্রীকে ইভটিজিংয়ের দায়ে শরিফুল ইসলাম সজিব (১৯) নামের এক যুবককে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেছেন ভ্রাম্যমাণ আদালত। গত শনিবার দুপুরে নালিতাবাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তরফদার সোহেল রহমান এ দণ্ডাদেশ প্রদান করেন।

পুলিশ জানায়, নালিতাবাড়ী পৌরশহরের নামা ছিটপাড়া মহল্লার রফিকুল ইসলাম সানারি ছেলে শরিফুল ইসলাম সজিব শনিবার সকাল দশটার দিকে কলসপাড় ইউনিয়নস্থ পাঁচগাঁও বাজার এলাকায় যায়। এসময় মাদরাসায় আসার পথে পাঁচগাঁও দাখিল মাদরাসার সপ্তম শ্রেণির এক শিক্ষার্থীকে রাস্তায় আটকে মোবাইল ফোন উপহার দেওয়ার চেষ্টা করে। এসময় মেয়েটি মোবাইল ফোন নিতে অস্বীকৃতি জানালে সজিব জোরাজুরি করে। বিষয়টি আশপাশে থাকা লোকজন দেখে ফেলে সজিবকে আটক করে ইউপি চেয়ারম্যানের কাছে হস্তান্তর করে। চেয়ারম্যান পুলিশের সহায়তায় সজিবকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে নিয়ে আসেন। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে সাক্ষ্যপ্রমাণ শেষে নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তরফদার সোহেল রহমান অভিযুক্ত সজিবকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।